

ইসলামী বিশ্ববিদ্যালয়

উপাচার্যের ক্যাম্পাসে  
প্রবেশ নিষিদ্ধ  
ঘোষণা

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ১৭  
মার্চ (নিজস্ব সংবাদদাতার ফোন)।-  
সর্বদলীয় ছাত্রঐক্য আজ ইসলামী  
বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনে তালা  
ঝুলিয়ে দিয়েছে। ছাত্ররা ভিসি'র  
বাসভবনের বিদ্যুৎ ও টেলিফোন সংযোগও  
বিচ্ছিন্ন করে দিয়েছে। এসময় উপাচার্য তার  
বাসভবনে ছিলেন। তিনি ছিলেন না। ঢাকায়।

উপাচার্যের বাসভবনের সামনে  
আয়োজিত ছাত্রঐক্যের এক সমাবেশে  
নেতৃবৃন্দ উপাচার্যের ক্যাম্পাসে প্রবেশ  
নিষিদ্ধ ঘোষণা করেছেন। পরে প্রেসক্রাভে

আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে নতুন  
কর্মসূচী ঘোষণাকালে লিখিত বক্তব্য পাঠ  
করেন ছাত্রলীগের (শা-পা) নেতা জিব্বুর  
রহমান এবং সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের

জবাব দেন জাতীয়তাবাদী ছাত্রদল নেতা  
মোহাম্মদ আলী ও ছাত্র ইউনিয়নের নেতা  
নওয়াব আলী খান প্রমুখ।

৩৩